গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন মন্ত্রণালয়
সুশাসন শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mos.gov.bd

সরকারি কর্মসম্পাদন পরিবীক্ষণ পদ্ধতি (GPMS) ২০২৬-২৭ অর্থবছরের সেকশন-২ (কর্মসম্পাদন পরিকল্পনা) এর অগ্রগতি পর্যালোচনার লক্ষ্যে মাসিক সভার কার্যবিবরণী।

সভাপতি	দেলোয়ারা বেগম অতিরিক্ত সচিব
সভার তারিখ	৩০-০৮-২০২৬
সভার সময়	২.৩০
স্থান	নৌপরিবহন মন্ত্রণালয়ের সভাকক্ষ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
উপস্থিতি	সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা: পরিশিষ্ট 'ক'।

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে কমিটির সদস্য সচিব ও GPMS এর বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা, সহকারী সচিব (সুশাসন), মিজ ফেরদৌসী জাহান, সরকারি কর্মসম্পাদন পরিবীক্ষণ পদ্ধতি (GPMS) ২০২৬-২৭ অর্থবছরের সেকশন-২ (কর্মসম্পাদন পরিকল্পনা) এর মাসিক অগ্রগতি প্রতিবেদন সভায় উপস্থাপন করেন।

০২। সরকারি কর্মসম্পাদন পরিবীক্ষণ পদ্ধতি Governance Performance Monitoring System (GPMS) পরিকল্পনা যাচাই ও মূল্যায়ন কমিটির সভাপতি ও GPMS টিম লিডার জনাব দেলোয়ারা বেগম, অতিরিক্ত সচিব (প্রশাসন) সভায় অবহিত করেন, মন্ত্রণালয়ের সচিব মহোদয় অভ্যন্তরীণ মাসিক সভায় GPMS এর অগ্রগতি সম্পর্কে প্রতি মাসের শেষ সপ্তাহে ও ত্রৈমাসিকে ১ম সপ্তাহে মাসিক সভা করার নির্দেশনা প্রদান করেছেন। সভাপতি মহোদয় সভায় ২০২৬-২৭ অর্থবছরের মন্ত্রণালয়ের GPMS-এর কর্মসম্পাদন পরিকল্পনা (সেকশন-২)-এর শাখা/অধিশাখা ভিত্তিক অগ্রগতির প্রতিবেদন পর্যালোচনা করেন। প্রতিবেদন পর্যালোচনা করে তিনি কয়েকটি শাখা দ্রুত কার্যক্রম গ্রহণের জন্য তাগিদ পত্র দেওয়ার নির্দেশনা প্রদান করেন। এছাড়া, GPMS- সংশ্লিষ্ট শাখাসমূহের কয়েকটি শাখার শাখা কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় সভাপতি অসন্তোষ প্রকাশ করেন এবং আগামী GPMS এর সভাগুলোতে GPMS সংশ্লিষ্ট শাখাসমূহের শাখা কর্মকর্তা এবং প্রশাসনিক কর্মকর্তা উপস্থিত থাকার নির্দেশনা প্রদান করেন।

০৩। সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক্র: নং	ফলাফল নির্দেশক কার্যক্রম	প্রমাণক	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১.	পায়রা বন্দর কর্তৃপক্ষের কর্মচারী চাকরি প্রবিধানমালা হালনাগাদ করণে খসড়া প্রস্তুত।	খসড়া প্রস্তুতের স্বাক্ষরিত পত্র/প্রতিবেদন	পায়রা বন্দর কর্তৃপক্ষের কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০১৭ হালনাগাদপূর্বক পূর্ণাঙ্গ প্রস্তাব প্রেরণের জন্য ৩১ মার্চ ২০২৬ তারিখে পায়রা বন্দর কর্তৃপক্ষকে পত্র দেয়া হয়। এ প্রেক্ষিতে পায়রা বন্দর কর্তৃপক্ষ গত ২১ এপ্রিল ২০২৬ তারিখে জানান যে, জুলাই ২০২৬ মাসের শেষ নাগাদ পূর্ণাঙ্গ প্রস্তাব প্রেরণ করা সম্ভব হবে মর্মে উল্লেখ করা হলেও প্রস্তাবটি এখনো পাওয়া যায়নি।	পায়রা বন্দর কর্তৃপক্ষের সাথে যোগাযোগের মাধ্যমে পাবক শাখা এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।	সহকারী সচিব, পাবক।
২.	পায়রা বন্দরের অপারেশনাল কার্যক্রমের সাথে সংশ্লিষ্ট এজেন্ট, অপারেটর তালিকাভুক্তকরণ, নিয়োগ ও লাইসেন্স ইস্যু বিষয়ক খসড়া নির্দেশিকা-২০২৬ প্রস্তুত।	প্রস্তুতকৃত খসড়া নির্দেশিকা/প্রতিবেদন	পায়রা বন্দরের অপারেশনাল কার্যক্রমের সাথে সংশ্লিষ্ট এজেন্ট/অপারেটর তালিকাভূক্তিকরণ বিষয়ক খসড়া নির্দেশিকা-২০২৬ অনুমোদনের লক্ষ্যে নথিতে উপস্থাপন করা হলে পায়রা বন্দরের ফি অন্যান্য বন্দরের চেয়ে মাত্রাতিরিক্ত মর্মে প্রতীয়মান হয়। বিষয়টি পুন:পরীক্ষান্তে প্রেরণের জন্য ৩০ জুলাই ২০২৬ তারিখে পায়রা বন্দর কর্তৃপক্ষকে পত্র দেয়া হয়। প্রস্তাবটি এখনো পাওয়া যায়নি।	পায়রা বন্দর কর্তৃপক্ষের সাথে যোগাযোগের মাধ্যমে পাবক শাখা এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।	সহকারী সচিব, পাবক।

৩.	বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষের ''ট্যারিফ শিডিউল যুগোপযোগী ও বাস্তবমুখীকরণ" কার্যক্রমে আন্ত:মন্ত্রণালয় সভা ও মতামত গ্রহণ।	সভার কার্যবিবরণী/ প্রতিবেদন	ট্যারিফ শিডিউল যুগোপযোগী ও বাস্তবমুখী করার লক্ষ্যে গত ১১/০৫/২০২৬ তারিখে বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষের কার্যালয়ে নৌপরিবহন মন্ত্রণালয়ের কর্মকর্তা, বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষের কর্মকর্তা এবং বেনাপোল স্থলবন্দর ও ভোমরা স্থলবন্দরসহ অন্যান্য স্থলবন্দরের কর্মকর্তাগণের উপস্থিতিতে একটি কর্মশালা অনুষ্ঠিত হয়। উক্ত কর্মশালার আলোকে সংশোধিত পূর্ণাঙ্গ প্রস্তাব প্রেরণ করার কথা থাকলেও বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ হতে কোনো তথ্য পাওয়া যায়নি। এ প্রেক্ষিতে গত ০২/৮/২০২৬ তারিখে বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষকে তাগিদপত্র প্রেরণ করা হয়। এপ্রেক্ষিতে স্থলবন্দর কর্তৃপক্ষ মৌখিকভাবে জানান যে, আগস্ট ২০২৬ মাসের শেষ নাগাদ সংশোধিত পূর্ণাঙ্গ প্রস্তাব প্রেরণ করা সম্ভব হবে।	উল্লেখিত সময়ের মধ্যে বিষয়টি সম্পাদনের জন্য বাস্তবক শাখাকে তাগিদ প্রদান করতে হবে।	সিনিয়র সহকারী সচিব, বাস্তবক।
৪.	বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্তৃপক্ষ আইন, ২০২৬-এর খসড়া প্রণয়ন ও ওয়েবসাইটে প্রকাশ।	স্বাক্ষরিত ওয়েবসাইটের স্ক্রীনশট/প্রতিবেদন	গত ২৭ জুলাই ২০২৬ তারিখে এই মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (সংস্থা) মহোদয়ের সভাপতিত্বে পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। সভার কার্যবিবরণীর সিদ্ধান্ত অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিআইডব্লিউটিএ-তে প্রেরণ করা হয়েছে।	খসড়া প্রণয়ন ও ওয়েবসাইটে প্রকাশের বিষয়ে জিপিএমএস এ উল্লিখিত সময়ের মধ্যে বাস্তবায়নের জন্য টিএ শাখা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।	সিনিয়র সহকারী সচিব, টিএ
৫.	অভ্যন্তরীণ ও উপকূলীয় নদী বন্দর এবং নৌপথ আইন, ২০২৬ এর খসড়া প্রণয়ন।	স্বাক্ষরিত পত্র/প্রতিবেদন	খসড়া আইন পর্যালোচনার লক্ষ্যে এ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (সংস্থা) মহোদয়ের সভাপতিত্বে আগামী ২৮-০৮-২০২৬ তারিখ সভা অনুষ্ঠিত হবে।	অভ্যন্তরীণ ও উপকূলীয় নদী বন্দর এবং নৌপথ আইন, ২০২৬ এর খসড়া প্রণয়ণ ও বাস্তবায়নের জন্য টিএ শাখা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।	সিনিয়র সহকারী সচিব, টিএ
৬.	বিআইডব্লিউটিসি'র নৌযান চার্টার প্রদান সংক্রান্ত নীতিমালা, ২০২৬ এর খসড়া প্রণয়নের কার্যক্রম গ্রহণ।	স্বাক্ষরিত প্রত্যয়নপত্র/প্রতিবেদন	০৬ জুলাই ২০২৬ তারিখ ও ২৩ জুলাই ২০২৬ তারিখ অতিরিক্ত সচিব (সংস্থা) মহোদয়ের সভাপতিত্বে বিআইডব্লিউটিসি'র নৌযান চার্টার নীতিমালা যুগোপযোগী করে প্রণয়নের লক্ষ্যে সংশোধিত নীতিমালা পর্যালোচনার জন্য একটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণীর সিদ্ধান্ত অনুযায়ী পরবর্তী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য ০৩ আগস্ট ২০২৬ তারিখে বিআইডব্লিউটিসিতে কার্যবিবরণী প্রেরণ করা হয়েছে।	বিআইডব্লিউটিসি'র নৌযান চার্টার প্রদান সংক্রান্ত নীতিমালা, ২০২৬ এর খসড়া প্রণয়নে টিসি শাখা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।	সহকারী সচিব, টিসি।
৭.	বাংলাদেশ মার্চেন্ট শিপিং আইন, ২০২৬ এর খসড়া মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ।	মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের পত্র/প্রতিবেদন	**বাংলাদেশ মার্চেন্ট শিপিং আইন, ২০২৬ এর খসড়া চূড়ান্তকরণের লক্ষ্যে আগামী ১৩.০৮.২০২৬ তারিখে অত্র মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের সভাপতিত্বে একটি আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়েছে।**	বাংলাদেশ মার্চেন্ট শিপিং আইন, ২০২৬ এর খসড়া মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণে জাহাজ শাখা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।	উপসচিব, জাহাজ।
৮.	অভ্যন্তরীণ নৌপরিবহন আইন, ২০২৬ খসড়া আইন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ।	মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের পত্র/প্রতিবেদন	অভ্যন্তরীণ নৌপরিবহন আইন, ২০২৬ এর খসড়া **চূড়ান্তকরণের লক্ষ্যে অত্র মন্ত্রণালয়ের সম্মানিত সচিব এর সভাপতিত্বে গত ২০.০৭.২০২৬ তারিখে একটি আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়েছে।**	অভ্যন্তরীণ নৌপরিবহন আইন, ২০২৬ এর খসড়া আইন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণে জাহাজ শাখা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।	উপসচিব, জাহাজ।

৯.	Continuous Discharge Certificate (CDC) প্রদান নীতিমালার খসড়া চূড়ান্ত।	খসড়া চুড়ান্তকরণের প্রতিবেদন	নীতিমালার খসড়া প্রেরণের জন্য নৌপরিবহন অধিদপ্তরে ২৬.০৪.২০২৬ তারিখে পত্র এবং ০৮.০৬.২০২৬ তারিখে তাগিদপত্র-১ ও ২৮.০৭.২০২৬ তারিখে তাগিদপত্র-২ দেয়া হয়েছে। কিন্তু কোনো প্রস্তাব পাওয়া যায়নি। প্রস্তাব পেলে কার্যক্রম গ্রহণ করা হবে।	Continuous Discharge Certificate (CDC) প্রদান নীতিমালার খসড়া চুড়ান্তকরণের বিষয়টি দ্রুত সম্পাদনের জন্য নৌপরিবহন অধিদপ্তরের সাথে যোগাযোগের মাধ্যমে জাহাজ শাখা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।	উপসচিব, জাহাজ।
১০.	প্রকল্পগুলোর কার্যক্রম বাস্তবায়নে যথাযথভাবে তদারকির লক্ষ্যে PSC সম্পর্কিত ৬০ টি সভার আয়োজন।	সভার কার্যবিবরণী	পরিকল্পনা-১ শাখা হতে ২০২৬-২০২৭ অর্থবছরের জুলাই ২০২৬ মাস পর্যন্ত ০৩টি PSC সভার আয়োজন করা হয়েছে।	প্রকল্পগুলোর কার্যক্রম বাস্তবায়নে যথাযথভাবে তদারকির লক্ষ্যে ২০২৬-২০২৭ অর্থবছরের PSC সভার আয়োজনে পরিকল্পনা-১, পরিকল্পনা-২, পরিকল্পনা-৩ শাখা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।	উপসচিব, পরিকল্পনা-১, যুগ্মসচিব পরিকল্পনা-২, সহকারী সচিব পরিকল্পনা-৩
১১.	প্রকল্পগুলোর কার্যক্রম বাস্তবায়নে যথাযথভাবে তদারকির লক্ষ্যে অগ্রগতি মনিটরিং ও ১৮ টি পরিদর্শন।	পরিদর্শন প্রতিবেদন	প্রকল্পগুলোর কার্যক্রম বাস্তবায়নে যথাযথভাবে তদারকির লক্ষ্যে অগ্রগতি না থাকায় শূণ্য প্রতিবেদন দাখিল করেছে।	পরিদর্শন প্রকল্পগুলোর কার্যক্রম বাস্তবায়নে যথাযথভাবে তদারকির লক্ষ্যে পরিদর্শনের জন্য উন্নয়ন-২ শাখা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।	সিনিয়র সহকারী সচিব, উন্নয়ন-২

(খ) GPMS কর্মসম্পাদন পরিকল্পনার মাসিক সভায় সংশ্লিষ্ট শাখা কর্মকর্তাসহ শাখার সকল প্রশাসনিক কর্মকর্তা সভায় উপস্থিত থাকবে।

০৪। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত ঘোষণা করা হয়।

০৭-০৯-২০২৬
দেলোয়ারা বেগম
অতিরিক্ত সচিব

তারিখ: ২৩ ভাদ্র ১৪৩৩ / ০৭ সেপ্টেম্বর ২০২৬

নম্বর: ১৮.০০.০০০০.০০০.০৪১.০৬.০০০৩.২৬.৫১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। যুগ্মসচিব, পরিকল্পনা অধিশাখা, নৌপরিবহন মন্ত্রণালয়।
২। যুগ্মসচিব, অডিট অধিশাখা, নৌপরিবহন মন্ত্রণালয়।
৩। যুগ্মসচিব, প্রশাসন অধিশাখা, নৌপরিবহন মন্ত্রণালয়।
৪। যুগ্মসচিব, পরিকল্পনা-২ শাখা, নৌপরিবহন মন্ত্রণালয়।
৫। সচিবের একান্ত সচিব, সচিব এর দপ্তর, নৌপরিবহন মন্ত্রণালয়।
৬। উপসচিব , নৌশিক্ষা ও প্রশিক্ষণ, নৌপরিবহন মন্ত্রণালয়।
৭। উপসচিব, পরিকল্পনা-১ শাখা, নৌপরিবহন মন্ত্রণালয়।
৮। উপসচিব, জাহাজ শাখা, নৌপরিবহন মন্ত্রণালয়।

৯। সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, নৌপরিবহন মন্ত্রণালয়।
১০। প্রোগ্রামার, আইসিটি শাখা, নৌপরিবহন মন্ত্রণালয়।
১১। সিনিয়র সহকারী সচিব, সংসদ ও সমন্বয় শাখা এবং GPMS এর ফোকাল পয়েন্ট কর্মকর্তা, নৌপরিবহন মন্ত্রণালয়।
১২। সিনিয়র সহকারী সচিব, টিএ শাখা, নৌপরিবহন মন্ত্রণালয়।
১৩। সিনিয়র সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব), উন্নয়ন-২, নৌপরিবহন মন্ত্রণালয়।
১৪। সিনিয়র সহকারী সচিব, বাস্থবক শাখা, নৌপরিবহন মন্ত্রণালয়।
১৫। সিনিয়র সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব), চবক শাখা, নৌপরিবহন মন্ত্রণালয়।
১৬। সিনিয়র সহকারী সচিব, প্রশাসন-১ শাখা, নৌপরিবহন মন্ত্রণালয়।
১৭। হিসাবরক্ষণ কর্মকর্তা, হিসাব শাখা, নৌপরিবহন মন্ত্রণালয়।
১৮। সহকারী সচিব, পরিকল্পনা-৩ শাখা, নৌপরিবহন মন্ত্রণালয়।
১৯। সহকারী সচিব, টিসি শাখা, নৌপরিবহন মন্ত্রণালয়।
২০। সহকারী সচিব, মোবক শাখা, নৌপরিবহন মন্ত্রণালয়।
২১। সহকারী সচিব, পাবক শাখা, নৌপরিবহন মন্ত্রণালয়।
২২। সহকারী সচিব, অডিট শাখা, নৌপরিবহন মন্ত্রণালয়।
২৩। গ্রন্থাগারিক, লাইব্রেরি উন্নয়ন শাখা, নৌপরিবহন মন্ত্রণালয়।
২৪। প্রশাসনিক কর্মকর্তা, পরিকল্পনা-২ শাখা, নৌপরিবহন মন্ত্রণালয়।
২৫। প্রশাসনিক কর্মকর্তা, উন্নয়ন-২, নৌপরিবহন মন্ত্রণালয়।
২৬। প্রশাসনিক কর্মকর্তা, পরিকল্পনা-১ শাখা, নৌপরিবহন মন্ত্রণালয়।
২৭। প্রশাসনিক কর্মকর্তা, টিসি শাখা, নৌপরিবহন মন্ত্রণালয়।
২৮। প্রশাসনিক কর্মকর্তা, টিএ শাখা, নৌপরিবহন মন্ত্রণালয়।
২৯। প্রশাসনিক কর্মকর্তা, বাস্থবক শাখা, নৌপরিবহন মন্ত্রণালয়।
৩০। প্রশাসনিক কর্মকর্তা, জাহাজ শাখা, নৌপরিবহন মন্ত্রণালয়।
৩১। প্রশাসনিক কর্মকর্তা, অডিট শাখা, নৌপরিবহন মন্ত্রণালয়।
৩২। প্রশাসনিক কর্মকর্তা, পাবক শাখা, নৌপরিবহন মন্ত্রণালয়।
৩৩। প্রশাসনিক কর্মকর্তা, সুশাসন শাখা, নৌপরিবহন মন্ত্রণালয়।
৩৪। সহকারী হিসাবরক্ষণ কর্মকর্তা, হিসাব শাখা, নৌপরিবহন মন্ত্রণালয়।
৩৫। প্রশাসনিক কর্মকর্তা, মোবক শাখা, নৌপরিবহন মন্ত্রণালয়।
৩৬। প্রশাসনিক কর্মকর্তা, নৌশিক্ষা ও প্রশিক্ষণ, নৌপরিবহন মন্ত্রণালয়।
৩৭। প্রশাসনিক কর্মকর্তা, প্রশাসন-১ শাখা, নৌপরিবহন মন্ত্রণালয়।
৩৮। প্রশাসনিক কর্মকর্তা, চবক শাখা, নৌপরিবহন মন্ত্রণালয়।
৩৯। ব্যক্তিগত কর্মকর্তা, প্রশাসন অনুবিভাগ, নৌপরিবহন মন্ত্রণালয়।
৪০। ব্যক্তিগত কর্মকর্তা, প্রশাসন অধিশাখা, নৌপরিবহন মন্ত্রণালয়।

ফেরদৌসী

০৭-০৯-২০২৬
ফেরদৌসী জাহান
সহকারী সচিব